রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১১, ২০২৫

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ/ ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও.নং-৪৭১-আইন/২০২৫।**—Representation of the People Order, 1972 (President's Order No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৩। **মনোনয়নপত্র সংগ্রহ এবং দাখিল।**—(১) অনুচ্ছেদ ১২ এর বিধান সাপেক্ষে, মনোনয়নপত্র (ফরম-১ পূরণপূর্বক) দাখিল করিতে হইবে।

(২) কোনো প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখের মধ্যে—

(ক) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট হইতে মনোনয়নপত্র সংগ্রহ করিবেন;

(খ) প্রত্যেক মনোয়নপত্র প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট সশরীরে তাহা দাখিল করিবেন।";

(২) বিধি ৫ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) অনুচ্ছেদ ১৪ এর দফা (৫) এর অধীন মনোনয়নপত্র বাছাইপূর্বক রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত যেকোনো সিদ্ধান্তে কোনো প্রার্থী বা কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা কোনো সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হইলে মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ৫ (পাঁচ) দিনের মধ্যে নির্বাচন কমিশন বরাবর সংক্ষুব্ধ পক্ষ অথবা তদ্‌কর্তৃক এতদুদ্দেশ্যে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি আপিল দায়ের করিতে পারিবেন।";

(৩) বিধি ৬ এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত "বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা" শব্দগুলির পরিবর্তে "মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য বিবরণী ও বৈধভাবে মনোনীত প্রার্থীগণের তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (গ) এর প্রান্তস্থিত দাড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(ঘ) অনুচ্ছেদ ১২ এর দফা (৭) অনুসারে রিটার্নিং অফিসার তদ্‌কর্তৃক প্রাপ্ত বা দফা ৬ (ক) এর অধীন সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক প্রাপ্ত প্রত্যেক মনোনয়নপত্র সম্পর্কে মনোনয়নপত্র দাখিলকারী প্রার্থীগণের বিবরণী (ফরম-৪ক) তাহার অফিসের দৃষ্টিগ্রাহ্য স্থানে সাঁটিয়ে দিবেন।"

(৪) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৮। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণা।**—বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর নাম ঘোষণার ক্ষেত্রে আদেশের অনুচ্ছেদ ১৯ এর দফা (১) (ক) অনুসরণীয় হইবে";

(৫) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে, অনুচ্ছেদ ২০ এর দফা (১) এর অধীন, স্থগিতকৃত এবং বাতিলকৃত প্রতীক ব্যতীত (পরিপত্র দ্বারা নির্ধারিত), নিম্নবর্ণিত প্রতীকসমূহ হইতে ('না' ব্যতীত) প্রাপ্যতা সাপেক্ষে যেকোনো একটি প্রতীক বরাদ্দ করা যাইবে, যথা :—

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১. আপেল | ৪১. জাহাজ | ৮১. বৈদ্যুতিক পাখা |
| ২. আনারস | ৪২. টর্চ লাইট | ৮২. বৈদ্যুতিক বাল্ব |
| ৩. আম | ৪৩. টিউবওয়েল | ৮৩. মই |
| ৪. আলমিরা | ৪৪. টেবিল | ৮৪. মগ |
| ৫. ঈগল | ৪৫. টেবিল ল্যাম্প | ৮৫. মাইক |
| ৬. উট | ৪৬. টেবিল ঘড়ি | ৮৬. মোটরগাড়ি (কার) |
| ৭. উদীয়মান সূর্য | ৪৭. ট্রাক | ৮৭. মশাল |
| ৮. একতারা | ৪৮. ট্রাক্টর | ৮৮. ময়ূর |
| ৯. কাঁচি | ৪৯. টেলিফোন | ৮৯. মাছ |
| ১০. কবুতর | ৫০. টেলিভিশন | ৯০. মাথাল |
| ১১. কলম | ৫১. ডাব | ৯১. মিনার |
| ১২. কলস | ৫২. ড্রেসিং টেবিল | ৯২. মোমবাতি |
| ১৩. কলার ছড়ি | ৫৩. ঢেঁকি | ৯৩. মোবাইল ফোন |
| ১৪. কাঁঠাল | ৫৪. তারা | ৯৪. মোটর সাইকেল |
| ১৫. কাপ-পিরিচ | ৫৫. তালা | ৯৫. মোড়া |
| ১৬. কাস্তে | ৫৬. থালা | ৯৬. মোরগ |
| ১৭. কেটলি | ৫৭. দাঁড়িপাল্লা | ৯৭. রকেট |
| ১৮. কুমির | ৫৮. দালান | ৯৮. রেল ইঞ্জিন |
| ১৯. কম্পিউটার | ৫৯. দেওয়াল ঘড়ি | ৯৯. রিকশা |
| ২০. কুড়াল | ৬০. দোতলা বাস | ১০০. লিচু |
| ২১. কুলা | ৬১. দোয়াত কলম | ১০১. লাঙ্গল |
| ২২. কুঁড়ে ঘর | ৬২. দোলনা | ১০২. শাপলা কলি |
| ২৩. কোদাল | ৬৩. ধানের শীষ | ১০৩. সোনালী আঁশ |
| ২৪. খেজুর গাছ | ৬৪. নোঙ্গর | ১০৪. সেলাই মেশিন |
| ২৫. গরুর গাড়ি | ৬৫. নৌকা (স্থগিত) | ১০৫. সোফা |

| | | |
|---|---|---|
| ২৬. গাভী | ৬৬. পাগড়ি | ১০৬. সিঁড়ি |
| ২৭. গামছা | ৬৭. পানির ট্যাপ | ১০৭. সিংহ |
| ২৮. গোলাপ ফুল | ৬৮. পালকি | ১০৮.সূর্যমুখী ফুল |
| ২৯. ঘণ্টা | ৬৯. প্রজাপতি | ১০৯. হরিণ |
| ৩০. ঘুড়ি | ৭০. ফলের ঝুড়ি | ১১০. হাত (পাঞ্জা) |
| ৩১. ঘোড়া | ৭১. ফুটবল | ১১১. হাতঘড়ি |
| ৩২. চাকা | ৭২. ফুলকপি | ১১২. হাতপাখা |
| ৩৩. চাবি | ৭৩. ফুলের মালা | ১১৩. হাঁস |
| ৩৪. চিরুনি | ৭৪. বই | ১১৪. হাতি |
| ৩৫. চিংড়ি | ৭৫. বক | ১১৫. হাতুড়ি |
| ৩৬. চেয়ার | ৭৬. বাঘ | ১১৬. হারিকেন |
| ৩৭. চশমা | ৭৭. বটগাছ | ১১৭. হ্যান্ডশেক |
| ৩৮. ছড়ি | ৭৮. বাইসাইকেল | ১১৮. হুক্কা |
| ৩৯. ছাতা | ৭৯. বালতি | ১১৯. হেলিকপ্টার |
| ৪০. জগ | ৮০. বেবী টেক্সি | ১২০. ‘না’ |

(৬) বিধি ১০ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩ক) সন্নিবেশিত হইবে, যথা :—

“(৩ক) অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ক) বা (খ) বা (গ) বা (ঘ) তে উল্লিখিত ব্যক্তির ক্ষেত্রে নিবন্ধন স্থগিতকৃত রাজনৈতিক দলের প্রতীক ব্যতীত বিধি ৯(১) এ উল্লিখিত সকল প্রতীক সংবলিত পোস্টাল ব্যালট পেপার ‘ফরম-৭’ এ হইবে।”;

(৭) বিধি ১০ এর পর নিম্নরূপ নূতন বিধি ১০ক ও ১০কক সংযোজিত হইবে, যথা:—

“১০ক। **পোস্টাল ব্যালটে ভোট প্রদান।**—নিম্নবর্ণিত ব্যক্তিগণ পোস্টাল ব্যালটে, নির্ধারিত পদ্ধতিতে, ভোট প্রদান করিতে পারিবেন, যথা:—

(ক) সরকারি চাকরিরত কোনো ব্যক্তি যিনি তাহার নির্বাচনি এলাকা বা ভোটার এলাকা ব্যতীত অন্য কোনো এলাকায় চাকরিসূত্রে বা সরকারি দায়িত্ব পালনে নিয়োজিত রহিয়াছেন;

(খ) বাংলাদেশের কোনো জেলখানায় বা আইনি হেফাজতে আটক থাকা কোনো ব্যক্তি;

(গ) কোনো ব্যক্তি, তিনি যে ভোটকেন্দ্রে ভোট প্রদানের অধিকারী সেই কেন্দ্র ব্যতীত, অন্য কোনো ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(ঘ) বিদেশে বসবাসরত কোনো বাংলাদেশি ভোটার।

১০কক। **পোস্টাল ব্যালট পেপারের জন্য নিবন্ধন।**—(১) পোস্টাল ব্যালটে ভোট প্রদান করিতে ইচ্ছুক কোনো ভোটার কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে নিম্নবর্ণিতরূপে নিবন্ধন করিবেন, যথা:—

(ক) বিধি ১০ক এর দফা (ক) ও (খ) এ উল্লিখিত ব্যক্তিদের ক্ষেত্রে, অনুচ্ছেদ ১১ এর অধীন নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে;

(খ) বিধি ১০ক এর দফা (গ) এ উল্লিখিত ব্যক্তিদের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্তির পর অনতিবিলম্বে; এবং

(গ) বিধি ১০ক এর দফা (ঘ) এ উল্লিখিত ভোটারের ক্ষেত্রে, ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং কমিশন কর্তৃক অনুচ্ছেদ ২৭ এর দফা (১৩) এর অধীন জারীকৃত পরিপত্র দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে।

(২) বিদেশে বসবাসরত ভোটারগণকে ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাহার মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর, প্রাণবন্ততা (liveliness), পাসপোর্ট, ঠিকানা ইত্যাদি প্রযোজ্যতা অনুযায়ী ব্যবহার করিয়া নির্ধারিত পদ্ধতিতে নিবন্ধন করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত ভোটারদের নিবন্ধন পদ্ধতির বিষয়ে কমিশন হইতে প্রয়োজনে সময় সময় পরিপত্র জারির মাধ্যমে অবগত করা হইবে।

(৪) বাংলাদেশের কোনো জেলখানায় বা আইনি হেফাজতে আটক ভোটারের তালিকাভুক্তি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া জেলখানা বা আইনি হেফাজতে থাকা ভোটারগণের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করিবেন, যথা:—

(ক) জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষের অধীন অন্তরিন ভোটারগণের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ২ (দুই) জন করিয়া ব্যক্তিকে মনোনীত করিবেন, যাহার মধ্যে একজন অপারেটর হিসাবে নিবন্ধন প্রক্রিয়া সম্পাদন করাইবেন;

(খ) জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরিন ভোটারগণের তালিকার প্রিন্টেড বা মুদ্রিত কপি সীল ও যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরসহ কমিশনের সংশ্লিষ্ট উইং বা দপ্তর বা অনুবিভাগে প্রেরণ করিবেন; এবং

(গ) জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় তালিকা অনুযায়ী পোস্টাল ব্যালটে ভোট প্রদানে ইচ্ছুক অন্তরিন ভোটারগণের ডিজিটাল প্লাটফর্মে নিবন্ধন প্রক্রিয়া দফা (ক) তে উল্লিখিত মনোনীত ব্যক্তিগণের তত্ত্বাবধানে সম্পন্ন হইবে।

(৫) বিধি ১০ক এর দফা (ক), (খ) এবং (গ) এ উল্লিখিত ব্যক্তিদের পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য নিবন্ধন প্রক্রিয়ার বিষয়টি কমিশন কর্তৃক সময় সময় পরিপত্র দ্বারা নির্ধারিত হইবে।";

(৮) বিধি ১১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

" ১১। **পোস্টাল ব্যালট পেপার সরবরাহ।**—(১) অনুচ্ছেদ ২৭ এর দফা (১) এর উপ-দফা (ঘ) এ উল্লিখিত বিদেশে বসবাসরত কোনো ভোটার ডিজিটাল প্লাটফর্মের মাধ্যমে নিবন্ধিত হইলে, কমিশন তৎকর্তৃক নির্ধারিত সময়ে ডাকযোগে উক্ত ভোটারকে ব্যালট পেপার (ফরম-৭) প্রেরণ করিবে; এবং এই ব্যালট পেপার কমিশন কর্তৃক নির্ধারিত একটি বহির্গামী খামে (ফরম-৯) প্রেরণ করা হইবে যাহার মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত ফেরত খাম (ফরম-১০), পোস্টাল ব্যালট পেপার ধারণের জন্য আরও একটি খাম (ফরম-১০ক), ঘোষণাপত্র (ফরম-৮) এবং একটি নির্দেশিকা (ফরম-১১) থাকিবে।

(২) কমিশন কর্তৃক নিবন্ধিত ভোটারের নিকট বর্হিগামী খাম প্রেরণ এবং ফেরত খামটি বাংলাদেশে প্রেরণের জন্য উপযুক্ত ডাক মাশুল পরিশোধিত থাকিবে এবং ফেরত খামের মধ্যে অপেক্ষাকৃত ছোট আকারের একটি খাম (ব্যালট খাম) থাকিবে, যাহার মধ্যে ব্যালট পেপার থাকিবে।

(৩) প্রেরিত পোস্টাল ব্যালট পেপারটিতে শুধুমাত্র সকল প্রতীক এবং প্রতিটি প্রতীকের বিপরীতে ভোটদানের জন্য ঘর বা চেক বক্স মুদ্রিত থাকিবে, প্রার্থীর নাম মুদ্রিত থাকিবে না।

(৪) বিদেশে বসবাসরত তালিকাভুক্ত বাংলাদেশি ভোটারগণের নিকট কমিশন কর্তৃক নিম্নে উল্লিখিত খাম ও কাগজপত্রাদি প্রেরণ করা হইবে, যথা:—

(ক) "ফরম-৭" পোস্টাল ব্যালট পেপার;

(খ) ''ফরম-৮'' ঘোষণাপত্র;

(গ) ''ফরম-৯'' একটি বহির্গামী খাম;

(ঘ) ''ফরম-১০'' রিটার্নিং অফিসারের ঠিকানা সংবলিত একটি ফেরত খাম;

(ঙ) ''ফরম-১০ক'' পোস্টাল ব্যালট পেপার সংবলিত একটি ছোট খাম; এবং

(চ) ''ফরম-১১'' ভোট প্রদানের নির্দেশাবলি।

(৫) উপ-বিধি (১) এ উল্লিখিত প্রত্যেক ব্যালট পেপারে একটি স্বতন্ত্র শনাক্তকারী (unique identifier) নম্বর থাকিবে।

(৬) বিধি ১০ক এর দফা (ক), (খ) এবং (গ) এ উল্লিখিত তালিকাভুক্ত ব্যক্তিদের পোস্টাল ব্যালট পেপার সরবরাহ একই পদ্ধতিতে সম্পন্ন করা হইবে এবং তাহাদের নিকট নিম্নবর্ণিত খাম ও কাগজপত্রাদি প্রেরণ করা হইবে, যথা:—

(ক) "ফরম-৭" পোস্টাল ব্যালট পেপার;

(খ) ''ফরম-৮'' ঘোষণাপত্র;

(গ) ''ফরম-৯ক'' একটি বহির্গামী খাম;

ঘ) ''ফরম-১০ক'' পোস্টাল ব্যালট পেপার সংবলিত একটি ছোট খাম;

(ঙ) ''ফরম-১০খ'' রিটার্নিং অফিসারের ঠিকানা সংবলিত একটি ফেরত খাম; এবং

(চ) ''ফরম-১১'' ভোট প্রদানের নির্দেশাবলি। ";

(৯) বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১২। **বিদেশ হইতে পোস্টাল ব্যালট পেপারে ভোট প্রদান (OCV)**।—(১) বিদেশে বসবাসরত নিবন্ধিত ভোটার পোস্টাল ব্যালট প্রাপ্তির পর—

(ক) Postal Vote BD মোবাইল অ্যাপের মাধ্যমে তাহার Mobile Number ব্যবহার করিয়া লগইন করিবেন এবং অতঃপর মোবাইল অ্যাপ-এর ক্যামেরার সাহায্যে ব্যালটের বহির্গামী খামের (ফরম-৯) উপরের কিউআর (QR) কোডটি স্ক্যান করিবেন;

(খ) কমিশন কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়সীমার মধ্যে ভোটাধিকার প্রয়োগ এবং ভোট প্রদানের পর তাহা যথাশীঘ্র ডাকযোগে সংশ্লিষ্ট রির্টানিং অফিসারের ঠিকানা মুদ্রিত খামে ফেরত পাঠানোর ব্যবস্থা গ্রহণ করিবেন;

(গ) ভোটাধিকার প্রয়োগের পূর্বে নির্দেশনাপত্র ও ঘোষণাপত্রটি পড়িয়া লইবেন;

(ঘ) ঘোষণাপত্রে যথাযথভাবে ব্যালট পেপারের ক্রমিক নম্বর, নিজ নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করিবেন এবং প্রদত্তস্থানে স্বাক্ষর করিবেন;

(ঙ) যদি স্বাক্ষরদানে অক্ষম হইয়া থাকেন তাহা হইলে অন্য একজন সক্ষম ভোটারের সাহায্য লইতে পারিবেন এবং এই ক্ষেত্রে সংশ্লিষ্ট ঘোষণাপত্রটির নির্দিষ্ট স্থানে উক্ত সাহায্যকারী ভোটার কর্তৃক সত্যায়ন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রতীক বরাদ্দ সম্পন্ন হইলে অ্যাপ এর মাধ্যমে অথবা কমিশনের ওয়েব সাইট হইতে অথবা নিজস্ব উদ্যোগে ভোটারগণ তাহা অবগত হইবেন এবং ভোট প্রদানের জন্য ভোটারগণ Postal Vote BD মোবাইল অ্যাপ-এ লগইন করিয়া নির্দেশিকাতে প্রদত্ত পদ্ধতিতে ব্যালট পেপারে (ফরম-৭) মুদ্রিত প্রতীকের পাশে ফাঁকা ঘরে টিক (√) কিংবা ক্রস (×) চিহ্ন প্রদান করিবেন।

(৩) পোস্টাল ব্যালট পেপারে ভোটার ভোট চিহ্নিত করিবার পর শুধুমাত্র ব্যালট পেপারটি ছোট খামে (ফরম-১০ক) প্রবেশ করাইয়া খামটি বন্ধ করিবেন এবং অতঃপর, উক্ত ব্যালট পেপার সংবলিত খামটি এবং স্বাক্ষরিত ঘোষণপত্রটি রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত খামে (ফরম-১০) প্রবেশ করাইয়া উহা বন্ধ করিয়া খামটি ডাকযোগে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) ভোটগ্রহণের নির্ধারিত সময় শেষ হইবার পূর্ব পর্যন্ত প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপারসমূহই কেবল গণনার আওতায় আসিবে।";

(১০) বিধি ১২ এর পর নিম্নরূপ নূতন বিধি ১২ক সন্নিবেশিত হইবে, যথা:—

"১২ক। **দেশের অভ্যন্তরে পোস্টাল ব্যালট পেপারে ভোট প্রদান (ICPV)**।—(১) বিধি ১০ক এর দফা(ক) এবং (গ) এ বর্ণিত ভোটারগণ বিধি ১২ এ বর্ণিত অনুরূপ পদ্ধতিতে পোস্টাল ব্যালট পেপারে ভোট চিহ্নিত করিবার পর ব্যালট পেপারটি ছোট খামে (ফরম-১০ক) রাখিয়া খামটি বন্ধ করিয়া রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত খামে (ফরম-১০খ) রাখিয়া উহা বন্ধ করিবেন এবং খামটি ডাকযোগে দ্রুত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন, এবং ভোটগ্রহণের নির্ধারিত সময় শেষ হইবার পূর্ব পর্যন্ত প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপারসমূহই কেবল গণনার আওতায় আসিবে।

(২) বিধি ১০ক এর দফা (খ) এ বর্ণিত ভোটারগণের জন্য জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ হইতে প্রাপ্ত তালিকা যাচাইপূর্বক কমিশন হইতে নিবন্ধিত ভোটারগণের নিকট বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে ব্যালট পেপার সংবলিত খাম প্রেরণ করা হইবে এবং জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন ব্যক্তি পোস্টাল ব্যালট সংবলিত সকল খামে মুদ্রিত কিউআর (QR) কোড স্ক্যান করিবেন।

(৩) কমিশন কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়সীমার মধ্যে ভোটারগণকে জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নির্ধারিত স্থান হইতে ভোটাধিকার প্রয়োগ করিতে হইবে এবং এই ক্ষেত্রে ভোটের গোপনীয়তা রক্ষার্থে তাহাদের ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উপযুক্ত পরিবেশ নিশ্চিত করিবেন।

(৪) ভোটাধিকার প্রয়োগের পূর্বে ভোটারগণ নির্দেশনাপত্র ও ঘোষণাপত্রটি পড়িয়া ঘোষণাপত্রে ভোটারের নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ করিয়া স্বাক্ষর করিবেন, যদি ভোটার স্বাক্ষরদানে অক্ষম হইয়া থাকেন তবে উক্ত ঘোষণাপত্রটি (ফরম-৮) অন্য একজন ভোটার কর্তৃক সত্যায়ন করিতে হইবে।

(৫) জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ প্রদত্ত নির্ধারিত স্থান হইতে ভোটারগণ ব্যালট পেপারে (ফরম-৭) মুদ্রিত প্রতীকের পাশে ফাঁকা ঘরে টিক (√) কিংবা ক্রস (×) চিহ্ন প্রদান করিয়া ভোট প্রদান করিবেন, তবে যথাযথভাবে ভোট প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট ভোটারকে আইনি হেফাজত কর্তৃপক্ষ ভোটারের নিজ নিজ আসনের প্রার্থীদের নাম ও প্রতীক সংবলিত চূড়ান্ত প্রার্থী তালিকার কপি মুদ্রণ করিয়া সরবরাহ করিতে পারিবেন অথবা অ্যাপ কিংবা কমিশন ওয়েবসাইট হইতে দেখিবার ব্যবস্থা করিবেন।

(৬) ব্যালট পেপারে ভোট চিহ্নিত করিবার পর ব্যালট পেপারটি ফেরত খামে (ফরম-১০ক) রাখিয়া খামটি বন্ধ করিবেন, অতঃপর ব্যালট পেপার সংবলিত খামটি রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত ফেরত খামটিতে (ফরম-১০খ) রাখিয়া উহা বন্ধ করিবেন এবং বন্ধকৃত খামটি সংশ্লিষ্ট জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ নির্ধারিত স্থানে বা বক্সে জমা করিবেন।

(৭) ভোট প্রদান প্রক্রিয়া সমাপ্তির পর সংশ্লিষ্ট জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ প্রদেয় ভোটসহ পোস্টাল ব্যালটের সকল খাম সুরক্ষিতভাবে সংরক্ষণ করিবেন এবং যতদ্রুত সম্ভব পোস্টাল ব্যালট সংবলিত সকল খামসমূহ একটি বক্স বা প্যাকেটে ভরিয়া একটি তালিকাসহ ডাক বিভাগের নিকটস্থ ডাকঘরে প্রেরণ বা হস্তান্তর করিবেন।

(৮) সংশ্লিষ্ট এলাকার ডাক বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধি জেলখানা বা আইনি হেফাজত কর্তৃপক্ষ হইতে প্রাপ্ত তালিকা অনুযায়ী পোস্টাল ব্যালট বুঝিয়া লইয়া খামসমূহ দ্রুততার সহিত সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের ঠিকানায় প্রেরণের ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৯) পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য নিবন্ধিত ভোটারগণ সংশ্লিষ্ট ভোটকেন্দ্রে সশরীরে ভোট প্রদান করিতে পারিবেন না।

(১০) রিটার্নিং অফিসার নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া প্রাপ্ত পোস্টাল ভোটের সংখ্যা লিপিবদ্ধ করিবেন, যথা:—

(ক) পোস্টাল ব্যালট পেপার গণনার জন্য সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে আলাদা গণনা কেন্দ্র প্রস্তুত করা হইবে এবং প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ সংশ্লিষ্ট আসনের জন্য নির্ধারিত ব্যালট বাক্সে সুরক্ষিতভাবে সংরক্ষণ করিবেন;

(খ) রিটার্নিং অফিসার পোস্টাল ব্যালট পেপার গ্রহণের সময়সীমা অতিবাহিত হইবার পর প্রাপ্ত মোট পোস্টাল ব্যালট পেপারের সংখ্যা প্রকাশ করিবেন;

(গ) পোস্টাল ব্যালট গ্রহণের নির্ধারিত সময়সীমা অতিবাহিত হইবার পর গণনার কার্যক্রম শুরু করিবেন;

(ঘ) পোস্টাল ব্যালট পেপার গণনা শেষ হইলে অন্যান্য সাধারণ কেন্দ্রের ন্যায় পোস্টাল ব্যালটের ফলাফল ঘোষণা করতঃ সহকারী রিটার্নিং অফিসারগণ কর্তৃক প্রেরিত সাধারণ ভোটকেন্দ্রের ফলাফলের পাশাপাশি পোস্টাল ব্যালটে প্রাপ্ত ভোটের হিসাব ঘোষণা ও অন্যান্য কেন্দ্রের ফলাফলের সহিত একত্র করিয়া তাহা প্রকাশ করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন;

(ঙ) ডাক বিভাগ হইতে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ গ্রহণ, নথিভুক্তকরণ, সংরক্ষণ ও গণনার জন্য রিটার্নিং অফিসার একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের পাশাপাশি একজন প্রিজাইডিং অফিসার এবং ভোট গণনার জন্য প্রয়োজনীয় সংখ্যক পোলিং অফিসার নিয়োগ করিতে পারিবেন;

(চ) পোস্টাল ব্যালট পেপার গণনা কেন্দ্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী আসনভিত্তিক একজন পোলিং এজেন্ট নিয়োগ প্রদান করিতে পারিবেন এবং ভোট গণনার সময় প্রার্থী বা নির্বাচনী এজেন্ট বা পোলিং এজেন্ট উপস্থিত থাকিতে পারিবেন;

(ছ) পোস্টাল ব্যালট গণনা কেন্দ্রে মিডিয়া কর্মী বা সাংবাদিকগণ এবং পর্যবেক্ষকগণ অন্যান্য কেন্দ্রের ন্যায় একই নীতিমালা অনুসরণে উপস্থিত থাকিতে পারিবেন।";

(১১) বিধি ১৪ এর পর নিম্নরূপ নূতন বিধি ১৪ক, ১৪খ ও ১৪গ সংযোজিত হইবে, যথা:―

"১৪ক। **পোস্টাল ব্যালটের খামসমূহ গ্রহণ ও সংরক্ষণ।**―(১) সকল পোস্টাল ব্যালট পেপার সংবলিত খাম বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে রিটার্নিং অফিসারের নিকট পৌঁছাইবে এবং বাংলাদেশ ডাক বিভাগ ও রিটার্নিং অফিসারের মাঝে হস্তান্তর - গ্রহণকৃত খামের হিসাবের একটি করিয়া কপি ডাকবিভাগ নিজস্ব নিয়ম অনুসারে সংশ্লিষ্ট পোস্টাল অফিসে সংরক্ষণ করিবে এবং একটি করিয়া কপি সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও কমিশনে হস্তান্তর করিবে।

(২) রিটার্নিং অফিসার নিজ দায়িত্বে বা নিয়োগকৃত কর্মকর্তার দ্বারা পোস্টাল ব্যালট গ্রহণের নির্ধারিত সময়সীমা পর্যন্ত প্রাপ্ত সকল পোস্টাল ব্যালট পেপারের খামের উপরের কিউআর (QR) কোড স্ক্যান করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন এবং এই সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করিবেন (ফরম-১২), রিটার্নিং অফিসার বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রাপ্ত খামসমূহ একটি নির্ধারিত স্বচ্ছ ব্যালট বক্সে বা প্যাকেটে আসনভিত্তিক সুরক্ষিত রাখিবেন।

১৪খ। **পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রাপ্ত ভোট গণনা।**―(১) পোস্টাল ব্যালট গ্রহণের সময়সীমা অতিক্রান্ত হইবার পর পোস্টাল ব্যালটের জন্য প্রিজাইডিং অফিসার পোস্টাল ব্যালট পেপারের খাম রক্ষিত ব্যালট বক্স বা বক্সসমূহের সীল খুলিয়া খামসমূহ বাহির করিয়া গণনার কার্যক্রম গ্রহণ করিবেন।

(২) পোস্টাল ব্যালট গ্রহণের সময়সীমা অতিক্রান্ত হইবার পর যদি কোনো পোস্টাল ব্যালট পেপার সংবলিত খাম রিটার্নিং অফিসারের নিকট পৌঁছায় সেইক্ষেত্রে প্রাপ্ত পোস্টাল ব্যালটসমূহ রিটার্নিং অফিসার বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গ্রহণের তারিখ ও সময় উল্লেখসহ স্বাক্ষরপূর্বক সিলগালা করিয়া সংরক্ষণ করিবেন এবং উক্ত সংখ্যা প্রকাশ করিবেন।

(৩) ভোটগ্রহণের আনুষ্ঠানিক সমাপ্তির পর পোস্টাল ব্যালটের ভোট গণনার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহাদের নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টদের উপস্থিতিতে প্রিজাইডিং অফিসার পোস্টাল ব্যালট পেপারের খাম (ফরম-১০ বা ফরম-১০খ) (যাহাতে রিটার্নিং অফিসারের ঠিকানা মুদ্রিত রয়েছে) খুলিয়া আলাদা করিবেন এবং ঘোষণাপত্রটিতে যথাযথভাবে স্বাক্ষর করা রহিয়াছে কিনা তাহা পরীক্ষা করিয়া দেখিবেন।

(৪) ব্যালট পেপার সংবলিত খাম (ফরম-১০ক) খুলিবার পূর্বে যদি দেখা যায় যে, মুদ্রিত ঘোষণাপত্রে যথাযথভাবে স্বাক্ষর করা হয় নাই তাহা হইলে উক্ত খাম না খুলিয়াই তাহার উপর প্রত্যয়ন করিয়া প্রিজাইডিং অফিসার উক্ত ভোটটি বাতিল করিয়া দিবেন।

(৫) নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত পোস্টাল ব্যালট পেপার সংবলিত অন্য খামসমূহ প্রিজাইডিং অফিসার কর্তৃক একটির পর একটি গণনার জন্য খোলা হইবে এবং খোলা ব্যালট পেপারসমূহের মধ্যে বৈধ ব্যালট পেপারসমূহ প্রিজাইডিং অফিসার প্রার্থীভিত্তিক আলাদা করিবেন এবং গণনা করিবেন ।

(৬) যে সমস্ত পোস্টাল ব্যালটে কোনো প্রার্থীর অনুকূলে ভোট প্রদান করা হইয়াছে তাহা সঠিকভাবে নির্ধারণ করা যায় না, সেইক্ষেত্রে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ২৭ এর দফা (১০) এর বিধান অনুসারে উক্ত ভোটসমূহ অবৈধ বা বাতিল ব্যালট মর্মে আলাদা করিবেন।

(৭) প্রাপ্ত ফলাফল সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় ফরম-১৬ক তে লিপিবদ্ধ করিয়া তাহার কপি প্রকাশ করিবেন এবং তাহা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্টকে প্রদান করিবেন।

(৮) রিটার্নিং অফিসার তাহার ফলাফল পরিবেশনের সময় সাধারণ ভোটকেন্দ্রের ন্যায় পোস্টাল ব্যালটের হিসাব বিবরণীও ঘোষণা করিবেন এবং সংশ্লিষ্ট আসনের ফলাফল সাধারণ ভোটকেন্দ্র হইতে প্রাপ্ত ফলাফল ও পোস্টাল ভোট একসাথে যোগ করিয়া মোট প্রাপ্ত ভোটের ফলাফল প্রকাশ করিবেন।

১৪গ। **গণনা কার্যক্রম শেষে পোস্টাল ব্যালট সংশ্লিষ্ট ফর্ম বা প্যাকেটসমূহ সংরক্ষণ।**—গণনা কার্যক্রম শেষে পোস্টাল ব্যালট সংশ্লিষ্ট ফর্ম বা প্যাকেট নিম্নবর্ণিতভাবে সংরক্ষণ করিতে হইবে, যথা:—

(ক) গণনার বিবৃতি বা ফলাফল শীট (ফরম-১৬ক) এবং পোস্টাল ব্যালটের রেজিস্ট্রার (ফরম- ১২) পৃথক খামে রাখিবেন;

(খ) গণনার পর প্রত্যেক প্রার্থীর অনুকূলে প্রাপ্ত বৈধ ব্যালট পেপার, বাতিলকৃত ব্যালট পেপার ও স্বাক্ষরবিহীন ঘোষণাপত্র সংবলিত ব্যালট পেপারের খামসমূহ পৃথক প্যাকেটে রাখিবেন;

(গ) বৈধ ব্যালট পেপারের খামসমূহ একটি প্রধান প্যাকেটে এবং বাতিল বা অবৈধ ব্যালট পেপার বা প্যাকেটসমূহ আরেকটি প্যাকেটে রাখিয়া তাহা সিলগালা করিয়া রাখিবেন;

(ঘ) প্রত্যেক প্যাকেটের মধ্যে রক্ষিত পোস্টাল ব্যালট পেপারের সংখ্যা সম্পর্কে প্রিজাইডিং অফিসার একটি প্রত্যয়ন প্রদান করিবেন এবং প্রত্যেক প্যাকেটের উপর স্বাক্ষর করিবেন;

(ঙ) পোস্টাল ব্যালট পেপার বাহির করিবার পূর্বে যথাযথ স্বাক্ষরযুক্ত ঘোষণাপত্র পৃথক করিয়া সংরক্ষণ করিবেন;

(চ) সকল বৈধ পোস্টাল ব্যালট পেপার গণনার পর সীলমোহর করিয়া যে প্যাকেটে রাখা হইবে তাহার উপর নিম্নলিখিত বিষয়গুলি লিপিবদ্ধ করিতে হইবে, যথা:—

(অ) নির্বাচনি এলাকার নম্বর ও নাম;

(আ) গণনার তারিখ ও সময়;

(ই) উহার অভ্যন্তরীণ দ্রব্যাদির বিবরণ।";

(১২) বিধি ১৫ বিলুপ্ত হইবে;

(১৩) বিধি ২৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২৪। **ভোট গণনার বিবরণী।**—(১) অনুচ্ছেদ ৩৬ এর দফা (৯) অনুসারে প্রিজাইডিং অফিসার কর্তৃক ফরম-১৬ এ ভোট গণনার বিবরণী প্রস্তুত করিতে হইবে।

(২) বিধি ১৪ক, ১৪খ ও ১৪গ অনুসারে প্রাপ্ত পোস্টাল ব্যালট গণনা করিয়া ফরম-১৬ক এ পোস্টাল ভোট গণনার বিবরণী প্রস্তুত করিতে হইবে।";

(১৪) বিধি ২৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২৬। **ফলাফল একত্রীকরণ।**—রিটার্নিং অফিসার প্রত্যেক নির্বাচনি এলাকার ফলাফল একত্রীকরণের সময় অবশ্যই পোস্টাল ব্যালট গণনা করিয়া প্রাপ্ত ফলাফল (ফরম-১৬ক) এর হিসাব একীভূত ফলাফল বিবরণী (ফরম-১৮) তে সন্নিবেশপূর্বক চূড়ান্ত ফলাফল প্রকাশ করিবেন এবং সেই মোতাবেক নির্বাচনের রিটার্ন প্রস্তুত করিয়া গেজেটে প্রকাশের জন্য তাহা কমিশনে প্রেরণ করিবেন।";

(১৫) তফসিল-১ এর ফরম-১ এর পরিবর্তে নিম্নরূপ ফরম-১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

| ক্রমিক নম্বর | |
|---|---|

**ফরম-১**
[বিধি ৩ দ্রষ্টব্য]

**জাতীয় সংসদ নির্বাচনের জন্য**
**প্রার্থীর মনোনয়নপত্র**
**প্রথম খন্ড: মনোনয়ন**
**প্রথম অংশ**
(প্রস্তাবকারী কর্তৃক পূরণ করিতে হইবে)

(১) আমি, ____________________
(প্রস্তাবকারীর নাম)

ভোটার নম্বর ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐
(প্রস্তাবকারীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর ☐☐☐☐
(ভোটার তালিকায় প্রস্তাবকারীর ক্রমিক নম্বর)

ভোটার এলাকার নাম ____________________
(প্রস্তাবকারীর ভোটার এলাকার নাম)

পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়নের নাম ____________________
(প্রস্তাবকারীর পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়নের নাম)

উপজেলা/থানার নাম ____________________ এতদ্বারা
(প্রস্তাবকারীর উপজেলা/থানার নাম)

____________________ নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদ
(নির্বাচনি এলাকার নম্বর ও নাম)

নির্বাচনের জন্য প্রার্থীরূপে ____________________ ,
(প্রার্থীর নাম)

____________________ ,
(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ এর নাম
(প্রার্থীর ভোটার নম্বর)

প্রস্তাব করিতেছি।

(২) আমি এতদ্বারা প্রত্যয়ন করিতেছি যে, আমি প্রস্তাবকারী বা সমর্থনকারী রূপে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রস্তাবকারীর স্বাক্ষর/টিপসহি

## দ্বিতীয় অংশ

(সমর্থনকারী কর্তৃক পূরণ করিতে হইবে)

(১) আমি, ____________________

(সমর্থনকারীর নাম)

ভোটার নম্বর | | | | | | | | | | | | |

(সমর্থনকারীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর | | | | |

( ভোটার তালিকায় সমর্থনকারীর ক্রমিক নম্বর )

ভোটার এলাকার নাম ____________________

(সমর্থনকারীর ভোটার এলাকার নাম)

পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়নের নাম ____________________

(সমর্থনকারীর পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়নের নাম)

উপজেলা/থানার নাম ____________________ এতদ্দ্বারা

(সমর্থনকারীর উপজেলা/থানার নাম)

____________________ নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদ

(নির্বাচনি এলাকার নম্বর ও নাম)

নির্বাচনের জন্য প্রার্থীরূপে ____________________ ,

(প্রার্থীর নাম)

____________________ ,

(প্রার্থীর ঠিকানা)

ভোটার নম্বর | | | | | | | | | | | | | এর মনোনয়ন

(প্রার্থীর ভোটার নম্বর)

সমর্থন করিতেছি।

(২) আমি এতদ্দ্বারা প্রত্যয়ন করিতেছি যে, আমি প্রস্তাবকারী বা সমর্থনকারী রূপে অন্য কোনো মনোনয়নপত্রে স্বাক্ষরদান করি নাই।

তারিখ: | | | দিন | | | মাস | | | | | বৎসর

____________________

সমর্থনকারীর স্বাক্ষর/টিপসহি

## তৃতীয় অংশ

(মনোনীত প্রার্থী কর্তৃক ঘোষণা)

আমি, ______________________

(প্রার্থীর নাম)

জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | |

পিতার নাম ______________________

মাতার নাম ______________________

স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ______________________

ঠিকানা (বর্তমান ঠিকানা ) ______________________

(প্রার্থীর বর্তমান ঠিকানা)

ভোটার নম্বর

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

(প্রার্থীর ভোটার নম্বর)

ক্রমিক নম্বর

| | | | |
|---|---|---|---|
| | | | |

( ভোটার তালিকায় প্রার্থীর ক্রমিক নম্বর )

ভোটার এলাকার নাম ______________________

(প্রার্থী যে এলাকার ভোটার তালিকায় তালিকাভুক্ত সেই ভোটার এলাকার নাম)

পৌরসভা/সিটি কর্পোরেশন/ ক্যান্টনমেন্ট বোর্ড/ ইউনিয়নের নাম ______________________

(প্রার্থী যে ভোটার তালিকায় তালিকাভুক্ত তদসংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড/ইউনিয়নের নাম)

উপজেলা/থানার নাম ______________________

(প্রার্থী যে ভোটার তালিকায় তালিকাভুক্ত তদসংশ্লিষ্ট উপজেলা/থানার নাম)

জেলার নাম ______________________

(প্রার্থী যে এলাকার ভোটার তালিকায় তালিকাভুক্ত তদসংশ্লিষ্ট জেলার নাম)

নির্বাচনি এলাকার নম্বর ও নাম [ ]

(যে নির্বাচনি এলাকার মনোনয়নে সম্মতি প্রদান করা হয়েছে)

(১) এতদ্বারা ঘোষণা করিতেছি যে, আমি-

(ক) উপরোক্ত মনোনয়নে সম্মতি প্রদান করিয়াছি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬৬(১) অনুযায়ী সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হইবার যোগ্য।

(খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬৬(২) এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২ অনুযায়ী সদস্যরূপে নির্বাচিত হইবার বা থাকিবার জন্য অযোগ্য নই।

(গ) তিনটির অধিক নির্বাচনি এলাকার জন্য মনোনয়নপত্র দাখিল করি নাই।

(২) আমি মনোনয়নপত্রের সহিত নির্ধারিত ফরমে হলফনামা সংযুক্ত করিলাম।

(৩) আমার নির্বাচনি ব্যয় নির্বাহ করিবার জন্য অর্থ প্রাপ্তির সম্ভাব্য উৎসের বিবরণী ফরম-২০ এ এতদসংগে সংযুক্ত করিলাম।

(৪) নির্বাচনি ব্যয় নির্বাহের জন্য ব্যাংক একাউন্ট নম্বর: [ ]

**ব্যাংকের নাম ও শাখা:** [ ]

(৫) (ক) আমার টিআইএন নম্বর

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

**দেশে ও বিদেশে সম্ভাব্য আয়ের উৎসসমূহ এবং দেশে ও বিদেশে নিজের বা নির্ভরশীলদের পরিসম্পদ ও দায়ের বিবরণী সংবলিত সম্পদ এবং আমার সম্পদ বিবরণী সংবলিত সর্বশেষ কর বছরের আয়কর রিটার্ন কপি ও আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ সংক্রান্ত কাগজপত্র এতদ্সংগে সংযুক্ত করিলাম।**

(খ) আমার সম্পদ ও দায় এবং বাৎসরিক আয় ও ব্যয়ের বিবরণী ফরম-২১ এ সংযুক্ত করিলাম।

| | | | |
|---|---|---|---|
| (৬) (ক) আমি, | | | রাজনৈতিক দলের প্রার্থী |
| | (প্রার্থীর নাম) | (দলের নাম) | |

আমার সপক্ষে রাজনৈতিক দলের মনোনয়ন এতদ্সংগে সংযুক্ত করিলাম।

অথবা

(খ) আমি, স্বতন্ত্র প্রার্থী উহার সপক্ষে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১২(৩এ) অনুযায়ী দলিলাদি এতদ্সংগে সংযুক্ত করিলাম।

(৭) বিধি-৪(২) অনুসারে জামানত হিসাবে জমাকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ট্রেজারি চালান/রশিদ এতদ্সংগে সংযুক্ত করিলাম

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

## চতুর্থ অংশ
**( স্বতন্ত্র প্রার্থী কর্তৃক পূরণীয় )**

### প্রথম ভাগ
**( ইতোপূর্বে জাতীয় সংসদের কোন নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হইয়াছেন এমন প্রার্থী কর্তৃক পূরণীয়)**

**আমি,** ____________________ **এতদ্বারা**
( প্রার্থীর নাম )

ঘোষণা করিতেছি যে, ইতোপূর্বে অনুষ্ঠিত ____________ জাতীয় সংসদের নির্বাচনে ____________ নির্বাচনি এলাকা হইতে সংসদ সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছিলাম।
নির্বাচনি এলাকার নম্বর ও নাম

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

অথবা

### দ্বিতীয় ভাগ
**( ইতোপূর্বে জাতীয় সংসদের কোন নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হননি এমন প্রার্থী কর্তৃক পূরণীয় )**

আমি, ____________________
প্রার্থীর নাম

এতদ্‌সংগে আমার নির্বাচনি এলাকা ____________ এর এক শতাংশ ভোটারের
নির্বাচনি এলাকার নম্বর ও নাম

সমর্থন সংবলিত স্বাক্ষরযুক্ত তালিকা সংযুক্ত করিলাম।

২। আমি আরও ঘোষণা করিতেছি যে, সংযুক্ত তালিকায় প্রদত্ত সকল স্বাক্ষর ভোটারগণ স্বেচ্ছাপ্রণোদিত হইয়া প্রদান করিয়াছেন এবং স্বাক্ষর প্রদানকারী সকলের নাম ভোটার তালিকায় নিবন্ধিত হইয়াছে।

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

মনোনীত প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

*** দলীয় প্রার্থীদের ক্ষেত্রে এই অংশ পূরণ করিবার প্রয়োজন নাই।**

প্রার্থীর ছবি

(এখানে সদ্য তোলা প্রার্থীর রঙিন পাসপোর্ট সাইজের এক কপি সত্যায়িত ছবি লাগাইতে হইবে)

**দ্বিতীয় খন্ডঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি**

১। প্রার্থীর নাম:

২। জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর:

৩। পিতার নাম:

৪। মাতার নাম:

৫। স্বামী/স্ত্রীর নাম:

৬। জন্ম তারিখ: দিন মাস বৎসর

৭। **বয়স ( মনোনয়নপত্র দাখিলের তারিখে ):** বৎসর মাস দিন

৮। জন্মস্থান:

( জেলার নাম )

৯। ঠিকানা :

(ক) স্থায়ী

(খ) বর্তমান

১০। তাৎক্ষণিক যোগাযোগ:

টেলিফোন নম্বর

মোবাইল নম্বর

ই-মেইল ঠিকানা

১১। লিঙ্গ (টিক √ চিহ্ন দিন) : পুরুষ ☐ মহিলা ☐ হিজড়া ☐

১২। বৈবাহিক অবস্থা: অবিবাহিত ☐ বিবাহিত ☐ বিপত্নীক ☐ বিধবা ☐ তালাকপ্রাপ্ত ☐

১৩। পেশা :

১৪। বর্তমান কর্মস্থল (প্রযোজ্য ক্ষেত্রে)::

(ক) কর্মস্থলের নাম:

(খ) কর্মস্থলের ঠিকানা:

১৫। স্বামী/স্ত্রীর পেশা:

১৬। সন্তানাদি সংক্রান্ত তথ্য:

( সন্তানাদির সংখ্যা ও তাহাদের তথ্যাদি নিম্নোক্ত ছকে পূরণ করিতে হইবে )

| ক্রমিক | সন্তানের নাম | জন্ম তারিখ | শিক্ষাগত যোগ্যতা | পেশা ও কর্মস্থল /প্রতিষ্ঠানের ঠিকানা | বৈবাহিক অবস্থা |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

তারিখ: ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

প্রার্থীর স্বাক্ষর/টিপসহি

( বিঃ দ্রঃ প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযুক্ত করা যাইবে )

## তৃতীয় খন্ড

( রিটার্নিং অফিসার অথবা সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে )

এই মর্মে মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী [ ]

( প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারীর নাম )

কর্তৃক [ ] তারিখ [ ] ঘটিকায়

আমার অফিসে আমার নিকট দাখিল করা হয়।

তারিখ: [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর [ ]

রিটার্নিং অফিসার
অথবা
সহকারী রিটার্নিং অফিসারের নাম
স্বাক্ষর ও সিলমোহর

## চতুর্থ খণ্ড

### মনোনয়ন গ্রহণ/বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত

( বাছাই এর নির্ধারিত দিনে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলকরণ সম্পর্কে রিটার্নিং অফিসারের সিদ্ধান্ত )

আমি, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১৪ এর বিধান অনুসারে ...............................সংসদীয় আসনে মনোনয়নপত্র ( নির্বাচনি এলাকার নম্বর ও নাম )

**দাখিলকারী জনাব ............................................................................................ এর মনোনয়নপত্রটি পরীক্ষা করিলাম। পরীক্ষান্তে মনোনয়নপত্রটি গ্রহণ/বাতিল করিলাম।**

মনোনয়নপত্র গ্রহণ/বাতিলের কারণসমূহ:—

উপরে উল্লিখিত কারণে মনোনয়নপত্রটি গ্রহণ/বাতিল করিলাম।

তারিখ : [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর
নাম ও সিলমোহর

* প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যেতে পারে।

**পঞ্চম খন্ড**

**প্রাপ্তি স্বীকার রশিদ ও বাছাই এর নোটিশ**

( রিটার্নিং অফিসার অথবা সহকারী রিটার্নিং অফিসার কর্তৃক পূরণ করিতে হইবে )

মনোনয়নপত্রের ক্রমিক নম্বর ____________

____________ নির্বাচনি এলাকা হইতে জাতীয় সংসদ
( নির্বাচনি এলাকার নম্বর ও নাম )

নির্বাচনের জন্য প্রার্থী ____________
(প্রার্থীর নাম)

এর মনোনয়নপত্রটি প্রার্থী/প্রস্তাবকারী/সমর্থনকারী কর্তৃক ______ তারিখে ______ ঘটিকায় আমার অফিসে আমার নিকট দাখিল করা হয়।

দাখিলকৃত সকল মনোনয়নপত্র ______ তারিখ ______ ঘটিকায়

____________ এ বাছাই করা হইবে।
(স্থান)

তারিখ : ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

রিটার্নিং অফিসার
অথবা
সহকারী রিটার্নিং অফিসারের স্বাক্ষর
নাম ও সিলমোহর

(১৬) তফসিল-১ এর ফরম-১ এর পঞ্চম খণ্ডের পর হলফনামা সংযুক্তি-১ এর পরিবর্তে নিম্নরূপ হলফনামা সংযুক্তি-১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**সংযুক্তি-১**

প্রার্থী কর্তৃক প্রদত্ত হলফনামা

**নির্বাচনি এলাকার নম্বর ও নাম:** [ ]

আমি, [ ]

**(জাতীয় পরিচয়পত্র অনুযায়ী প্রার্থীর নাম)**

**জাতীয় পরিচয়পত্র নম্বর** [ ]

মাতার নাম [ ]

পিতার নাম [ ]

স্বামী/স্ত্রীর নাম [ ]

বর্তমান ঠিকানা [ ]

স্থায়ী ঠিকানা [ ]

**আমি দ্বৈত নাগরিকত্বধারী: হ্যাঁ/না (নির্বাচন করুন)। যদি হ্যাঁ হয়, তবে নাগরিকত্বধারী দেশের নাম:**

**আমি পূর্বে দ্বৈত নাগরিকত্বধারী ছিলাম এবং তা পরিত্যাগ করিয়াছি: হ্যাঁ/না (নির্বাচন করুন)। যদি হ্যাঁ হয়, তবে**

**নাগরিকত্বধারী দেশের নাম:**

**নাগরিকত্ব ত্যাগের তারিখ:**

**আমি উপরোক্ত নির্বাচনি এলাকার প্রার্থীরূপে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক। আমি এই মর্মে ঘোষণা করছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৬৬(২) এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১২ এ উল্লিখিত কোনো অযোগ্যতা আমার নেই। এই উদ্দেশ্যে, আমি নিম্নলিখিত ঘোষণা করিতেছি :**

**১. জন্ম তারিখ: ...........................বয়স: ..................... বছর (মনোনয়নপত্র দাখিলের তারিখে)**

২. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা:------------------------------------**(*এই সংক্রান্ত** সনদের সত্যায়িত কপি সংযুক্ত করা হলো)

**৩. অভিযোগসমূহ:**

ক. **আমি কখনই ফৌজদারি মামলায় অভিযুক্ত হইনি:** [যদি সঠিক হয়, টিক চিহ্ন দিন]

| | | | | |
|---|---|---|---|---|
| | হ্যাঁ | | না | (√) |

খ. বর্তমানে আমার বিরুদ্ধে বিদ্যমান ফৌজদারি **মামলার বিবরণ:**

| ক্রমিক নং | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালতে মামলাটি দায়ের হইয়াছে | মামলা নম্বর | মামলার বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| **মামলার মোট সংখ্যা:** | | | | |

*** প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন**

**বিশেষ দ্রষ্টব্য: ফৌজদারি অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে জামিনে মুক্তদের ক্ষেত্রে উপযুক্ত আদালত কর্তৃক জামিন লাভের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে। কারা অন্তরীণদের ক্ষেত্রে গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী মনোনয়নপত্রের সঙ্গে এই হলফনামাসহ যে সকল দালিলাদি ও কাগজপত্র জমা দিতে হইবে তাহা জেল কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করিতে হইবে।**

**এবং/অথবা**

**গ. ইতোপূর্বে যেসকল ফৌজদারি মামলায় অভিযুক্ত হইয়াছি তাহার বিবরণ:**

| ক্রমিক নং | যে আইন ও আইনের ধারায় মামলা দায়ের করা হইয়াছে | যে আদালতে মামলাটি দায়ের করা হইয়াছে | মামলা নম্বর | মামলা দায়েরের বছর | মামলা নিষ্পত্তির বছর | মামলার ফলাফল |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | মামলার মোট সংখ্যা | | | | |

*** প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন**

**৪. পেশা:**

